

# Times Today BD

খেলা | 19 April, 2025

অপেক্ষাকৃত দুর্বল প্রতিপক্ষের বিপক্ষে প্রথম তিন ম্যাচেই জয়। বিশ্বকাপ বাছাইয়ে পয়েন্ট তালিকার শীর্ষে থেকে রীতিমত উড়ছিল বাংলাদেশ। তবে সামনে শক্ত প্রতিপক্ষ পড়তেই বিপদে নিগার সুলতানা জ্যোতির দল।

আগের ম্যাচে ওয়েস্ট ইন্ডিজের কাছে হার। এবার পাকিস্তানের কাছেও নাকাল হয়ে বিশ্বকাপে খেলতে পারবে কিনা, সেই শঙ্কায় পড়লো বাংলাদেশ।

লাহোরে আজ (শনিবার) বাংলাদেশকে ৬২ বল হাতে রেখে ৭ উইকেটের বড় ব্যবধানে হারিয়েছে পাকিস্তান নারী দল। ফলে তারা ৫ ম্যাচের সবকটি জিতে পয়েন্ট তালিকার শীর্ষে থেকে বিশ্বকাপ নিশ্চিত করেছে।

বাংলাদেশ ৫ ম্যাচে ৩ জয়ে ৬ পয়েন্ট নিয়ে এখনও তালিকার দুই নম্বরে। রানরেটও ভালো (০.৬৩৯)। তবে থাইল্যান্ডের বিপক্ষে ওয়েস্ট ইন্ডিজের ম্যাচ চলছে। ওই ম্যাচে ক্যারিবীয়রা (রানরেট -০.২৮৩) বিশাল ব্যবধানে জিতে গেলে শঙ্কা আছে বাংলাদেশের।

কেননা তখন বাংলাদেশের সমান ৬ পয়েন্ট হয়ে যাবে ওয়েস্ট ইন্ডিজেরও। দুই দলের মধ্যে যাদের রানরেট ভালো থাকবে তারাই বিশ্বকাপে কোয়ালিফাই করবে। ছয় দলের বাছাইপর্বে সেরা দুই দল যাবে বিশ্বকাপে।

লাহোরে ব্যাটিং ব্যর্থতাই ডুবিয়েছে বাংলাদেশকে। টস জিতে ব্যাট করতে নেমে শুরুতেই বিপর্যয়ে পড়ে টাইগ্রেসরা। ২১ রানে হারিয়ে বসে ৩ উইকেট। ওপেনার ফারজানা হক ০,

দিলারা আক্তার ১৩ আর অধিনায়ক নিগার সুলতানা ফেরেন ১ করে।

চতুর্থ উইকেটে শারমিন আক্তার আর রিতু মনি ৪৪ এবং পঞ্চম উইকেটে রিতু আর নাহিদা আক্তার গড়েন ৪৭ রানের জুটি। এরপর আর বলার মতো জুটি গড়তে পারেনি বাংলাদেশ। শারমিন ২৪ রান করে আউট হন।

রিতু মনি ৪৭ এবং একটা প্রান্ত ধরে ফাহিমা খাতুন শেষ পর্যন্ত অপরাজিত ছিলেন ৪৪ রানে। ফাহিমার কল্যাণেই ৫০ ওভার শেষে বাংলাদেশের পুঁজি ৯ উইকেটে ১৭৮ রানে পৌঁছায়।

পাকিস্তানের সাদিয়া ইকবাল ২৮ রানে শিকার করেন ৩টি উইকেট।

জবাবে শুরুতেই শাওয়াল জুলফিকারকে (২) মারুফা আক্তার এলবিডব্লিউ করে ফেরালেও এরপর আর লড়াই করতে পারেনি বাংলাদেশ। সিদরা আমিন ৩৭ করে হন রাবেয়া খানের শিকার। ৬৯ করা মুনিবা আলিকে ফেরান নাহিদা আক্তার। তবে ততক্ষণে জয় বলতে গেলে নিশ্চিত হয়ে গেছে পাকিস্তানের।

আলিয়া রিয়াজ ৪৮ আর নাতালিয়া পারভেজ অপরাজিত ১৩ রান করে দলকে জিতিয়েই মাঠ ছাড়েন। ৩৯.৪ ওভারে জয় নিশ্চিত হয় পাকিস্তানের।

ক্রিকেট বাংলাদেশ-ক্রিকেট নারী-ক্রিকেট ক্রিকেট-বিশ্বকাপ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 17:47

URL: <https://timestodaybd.com/sports/10684463>